

# এইচএসসি পরীক্ষার ফল ৬০ দিনের মধ্যেই

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ২৯ সেপ্টেম্বর ২০২৫



ছবি: ইন্টারনেট থেকে সংগৃহীত

রেওয়াজ অনুযায়ী ৬০ দিনের মধ্যেই এ বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছেন আন্তঃশিক্ষাবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এসএম কামাল উদ্দিন হায়দার।

তিনি বলেন, ‘গত ১৯ আগস্ট লিখিত পরীক্ষা শেষ হয়েছে। রেওয়াজ মেনে পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যেই ফল প্রকাশ করা হবে। আগামী ১৯ অক্টোবর লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিন পূর্ণ হবে।’ এখন খাতা মূল্যায়নের কাজ চলছে জানিয়ে কামাল উদ্দিন হায়দার বলেন, ‘১৯ অক্টোবরের মধ্যে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ দিনের মধ্যেই এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তবে ফল প্রকাশের সময়সূচি এখনও সুনির্দিষ্ট করা হয়নি।’

গত ২৬ জুন শুরু হয়ে এবারের এইচএসসি ও সমমান পরীক্ষা শেষ হয় ১৯ আগস্ট। এ পরীক্ষায় অংশ নিতে ১১টি শিক্ষাবোর্ডের ১২ লাখ ৫১ হাজার ১১১ শিক্ষার্থী ফরম পূরণ করেছিল। এর মধ্যে কেন্দ্রে অনুপস্থিত ছিল প্রায় ২৭ হাজারের মতো শিক্ষার্থী।